# সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৩৩৪৭

১১. কিতাবুয যাকাত (كتاب الزكاة)

পরিচ্ছেদঃ যে নারী ফাসাদ সৃষ্টি না করে স্বামীর সম্পদ থেকে দান করে, তবে মহান আল্লাহ অনুগ্রহ করে তাকে একটি সাওয়াব দান করেন, যেভাবে তার স্বামীর জন্য উপার্জন করার জন্য সাওয়াব রয়েছে, সেই নারীর জন্য নিয়তের কারণে সাওয়াব রয়েছে, অনুরূপভাবে সম্পদ হেফাযতকারী ব্যক্তির জন্যও সাওয়াব রয়েছে

ذِكْرُ تَفَضُّلِ اللَّهِ جَلَّ وَعَلَا عَلَى الْمَرْأَةِ إِذَا تصدَّقت مِنْ بَيْتِ زَوْجِهَا غَيْرَ مُفسدة فَلَهَا أَجْرٌ كَمَا لِزَوْجِهَا أَجْرُ مَا اكْتَسَبَ وَلَهَا أَجْرُ مَا نَوَتْ وَلِلْخَازِنِ كَذَلِكَ

---

আরবী

3347 ـ أَخْبَرَنَا أَحْمَدُ بْنُ يَحْيَى حَدَّثَنَا مُحَمَّدُ بْنُ الْحُسَيْنِ حَدَّثَنَا شَيْبَانُ بْنُ أَبِي شَيْبَةَ حَدَّثَنَا جَرِيرُ بْنُ حَازِمٍ حَدَّثَنَا الْأَعْمَشِ عَنْ أَبِي الضُّحَى عَنْ مَسْرُوقٍ عَنِ عَائِشَةَ أَنَّ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ: (إِذَا تَصَدَّقْتِ الْمَرْأَةُ مِنْ بَيْتِ زَوْجِهَا غَيْرَ مُفسدة فَلَهَا أَجْرُهَا وَلِزَوْجِهَا أَجْرُ مَا اكْتَسَبَ وَلَهَا أجر ما نوت وللخازن مثل ذلك)

الراوي : عَائِشَةَ | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 3347 | خلاصة حكم المحدث: صحيح – ((صحيح أبي داود)) (1479): ق.

বাংলা

৩৩৪৭. আয়িশা রাদ্বিয়াল্লাহু আনহা থেকে বর্ণিত, তিনি বলেন, রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেছেন, “যখন কোন নারী ফাসাদ সৃষ্টি না করে স্বামীর সম্পদ থেকে দান করে, তবে তার জন্য সাওয়াব রয়েছে। তার স্বামীর জন্য সম্পদ উপার্জন করার সাওয়াব রয়েছে, সেই নারী যে নিয়ত করেছে, তার সাওয়াব রয়েছে, অনুরূপভাবে সম্পদ হেফাযতকারীর জন্যও সাওয়াব রয়েছে।”[1]

ফুটনোট

[1] মুসান্নাফ আব্দুর রাযযাক: ৭২৭৫; মুসনাদ আহমাদ: ৬/৪৪; সহীহুল বুখারী: ১৪২৫; সহীহ মুসলিম: ১০২৪;

আবূ দাঊদ: ১৬৮৫; তিরমিযী: ৬৭২; সুনান বাইহাকী: ৪/১৯২; বাগাবী: ১৬৯২; নাসাঈ: ৫/৬৫।

হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ সহীহ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (সহীহ আবূ দাঊদ: ১৪৭৯)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ আয়িশা বিনত আবূ বাকর সিদ্দীক (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=92680

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন